



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৭ অক্টোবর ২০১০

প্রেস বিজ্ঞপ্তি

বরকল-জুরাছড়ি সীমান্তে বনবিহারের কুটিরে সেনা হামলা

রাঙামাটি জেলার বরকল-জুরাছড়ি সীমান্তবর্তী এলাকা আমতলিতে (সুবলং ইউনিয়ন) ত্রিরত্ন বন সাধনা কুটির নামে আর্থ শ্রাবক শ্রদ্ধেয় বনভাঙের একটি শাখা বিহারে হামলা চালিয়ে ধ্যানের জন্য নির্মিত ১০টি কুটির ভেঙে দেয়া হয়েছে। গতকাল ২৬ অক্টোবর ২০১০ মঙ্গলবার ভোর ৪টার দিকে এ ঘটনা ঘটে। জুরাছড়ির বনযোগী ছড়া আর্মি ক্যাম্প থেকে একদল সেনা সদস্য এই ভাঙচুর চালায় বলে স্থানীয় জনগণ অভিযোগ করেছেন।

২০০৭ সালের ২৭ জুলাই স্থাপিত উক্ত কুটিরের পরিচালনার দায়িত্বে রয়েছেন সুদক্ষ শ্রমণ। এছাড়া সেখানে আরো বেশ কয়েকজন শ্রমণ ধ্যানের জন্য অবস্থান করছেন।

ইউপিডিএফ রাঙামাটি জেলা শাখার প্রধান সংগঠক শান্তিদেব চাকমা কুটিরে হামলা ও ভাঙচুরের ঘটনাকে ধর্মীয় স্বাধীনতার ওপর নগ্ন হস্তক্ষেপ অভিহিত করে এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

তিনি দায়ী সেনা সদস্যদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ, ঘটনার জন্য ক্ষমা প্রার্থনা ও কুটির কর্তৃপক্ষকে যথাযথ ক্ষতিপূরণ দেয়ার জন্য সরকারের কাছে দাবি জানান।

বার্তা প্রেরক

সোনামনি চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ, রাঙামাটি ইউনিট